গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

বিষয়: বাণিজ্য মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : তপন কান্তি ঘোষ
সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
সভার স্থান : সম্মেলন কক্ষ, বাণিজ্য মন্ত্রণালয়
সভার তারিখ : ০৬ মার্চ ২০২২ খ্রি:
সভার সময় : ০৩.৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্যসূচি উপস্থাপন করেন:

এনআইএস কার্যক্রম সূচক	পর্যবেক্ষণ/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.১নৈতিকতা কমিটির সভা আয়োজন	প্রতি ত্রৈমাসিকে ১টি করে বার্ষিক কর্মপরিকল্পনায় মোট ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। এ পর্যন্ত ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট ৪র্থ সভাটি ৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন/২০২২) সময়ের মধ্যে আয়োজন সম্পন্ন করতে হবে।	৩য় ত্রৈমাসিক নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং ৪র্থ নৈতিকতা কমিটির সভা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।	বাণিজ্য মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	২য় নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হয়েছে। সংশ্লিষ্ট শাখাসমূহের উপর অর্পিত দায়িত্বসমূহ যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে অনুবিভাগ প্রধানগণ প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।	গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের এ ধারা অব্যাহত রাখতে হবে।	বাণিজ্য মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা
১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে মোট ২টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। ইতোমধ্যে ১টি অংশীজনের সভা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট অপর অংশীজনদের সভাটি মে, ২০২২ এর মধ্যে সম্পন্ন করার জন্য পরামর্শ প্রদান করা হলো।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২য় সভাটি অবিলম্বে আয়োজন করতে হবে।	প্রশাসন-২ শাখা
১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি	কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ / টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির মাধ্যমে অফিসের কাজের পরিবেশ সমুন্নত রাখার বিষয়ে বিশেষ গুরুত্ব দেয়া হয়	কর্ম পরিবেশ উন্নয়ন সংক্রান্তে গৃহীত পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।	প্রশাসন-৭ শাখা
১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	বার্ষিক কর্মপরিকল্পনায় জাতীয় শুদ্ধাচার কৌশলের ৪টি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। এর মধ্যে ২টি অগ্রগতি প্রতিবেদন প্রেরিত হয়েছে। ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ১৭/০৪/২০২২ তারিখের মধ্যে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	বার্ষিক কর্মপরিকল্পনার জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন পূর্ব নির্ধারিত ১৭/০৪/২০২২ তারিখের মধ্যে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	বাজেট শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা
১.৭ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	বার্ষিক কর্মপরিকল্পনায় জাতীয় শুদ্ধাচার কৌশলের ৪টি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ৪টি ফিডব্যাক প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। এর মধ্যে ৩টি ফিডব্যাক প্রদান করা হয়েছে। ৪র্থ ত্রৈমাসিক এর ফিডব্যাক ০৭/০৪/২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য পরামর্শ প্রদান করা হয়।	বার্ষিক কর্মপরিকল্পনায় জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ফিডব্যাক ০৭/০৪/২০২২ তারিখের মধ্যে প্রদান সম্পন্ন করতে হবে।	বাজেট শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা

২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	বার্ষিক কর্মপরিকল্পনায় প্রকল্পের PSC ও PIC-এর ৩২টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। তমধ্যে ৬টি সভা সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট PSC ও PIC সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে।	বার্ষিক কর্মপরিকল্পনায় প্রকল্পের অবশিষ্ট PSC ও PIC সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে।	পরিকল্পনা-৩ শাখা
২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত অগ্রগতি ৭.০ %।	৩০/০৬/২০২২ তারিখের মধ্যে এডিপিতে বরাদ্দকৃত বাজেটে ১০০% ব্যয় নিশ্চিত করতে হবে।	পরিকল্পনা-৩ শাখা
২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধিমোতাবেক হস্তান্তর করা	প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধিমোতাবেক হস্তান্তর করার জন্য সকল প্রকল্প পরিচালকের সাথে আলোচনা করে কার্যক্রম গ্রহণ করতে হবে।	আগামী ৩০/০৬/২২ তারিখের মধ্যে সমাপ্ত প্রকল্পের সম্পদ বিধিমোতাবেক হস্তান্তর নিশ্চিত করতে হবে।	পরিকল্পনা-৩ শাখা
৩.২ আওতাধীন দপ্তর/সংস্থার গণশুনানীর ফলোআপ	আওতাধীন দপ্তর/সংস্থার গণশুনানীর ফলোআপ-এর জন্য ৩১/০১/২০২২ এবং ২০/৬/২০২২ তারিখ নির্ধারিত রয়েছে। কিন্তু এখন পর্যন্ত কোন ফলোআপ সম্পন্ন হয়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট শাখা (অবা-৩)-কে তৎপর হওয়া প্রয়োজন।	আগামী ২০/০৬/২২ তারিখের মধ্যে গণশুনানীর নির্ধারিত ফলোআপ পরিচালনা নিশ্চিত করতে হবে।	অবা-৩ শাখা
৩.৩ ভোগ্য পণ্যের মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে টিসিবি'র আঞ্চলিক কার্যালয়/গোডাউন পরিদর্শন	ভোগ্য পণ্যের মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে টিসিবি'র ১০টি আঞ্চলিক কার্যালয়/গোডাউন পরিদর্শন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। এর মধ্যে ৬টি গোডাউন পরিদর্শন সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৪টি গোডাউন নির্ধারিত সময়ের মধ্যে পরিদর্শন সম্পন্ন করতে হবে।	অবশিষ্ট সময়ের মধ্যে টিসিবি'র আঞ্চলিক কার্যালয়/গোডাউন পরিদর্শন সম্পন্ন করতে হবে।	অবা-৩ শাখা
৩.৪ বাণিজ্য সংগঠন পরিদর্শন	বার্ষিক কর্ম পরিকল্পনায় মোট ৪০টি বাণিজ্য সংগঠন পরিদর্শন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ইতোমধ্যে ৫টি সংগঠন পরিদর্শন করা হয়েছে। পূর্বের ১৫টি এবং চলমান ২০টি মোট ৩৫টি বাণিজ্য সংগঠন নির্ধারিত সময়ের মধ্যে পরিদর্শন সম্পন্ন করতে হবে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩৫টি বাণিজ্য সংগঠনের পরিদর্শন সম্পন্ন করতে হবে।	টিও-১ শাখা

০২। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/-
(তপন কান্তি ঘোষ)
সিনিয়র সচিব
বাণিজ্য মন্ত্রণালয়

নম্বর-২৬.০০.০০০০.০৯৬.২০.০৩৯.২১.৫২

তারিখ: ১০ চৈত্র ১৪২৮ / ২৪ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
০২। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম
০৩। ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১, কাওরান বাজার, ঢাকা
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/এফটিএ/রপ্তানি/আইআইটি/ডিটিও/ট্রেড সাপোর্ট মেজার্স/ডব্লিউটিও সেল), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টিসিবি ভবন, ১, কারওরান বাজার, ঢাকা
০৬। রেজিস্ট্রার, যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়, ১, কারওরান বাজার, টিসিবি ভবন, ঢাকা
০৭। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রিড়া পরিষদ ভবন, ঢাকা
০৮। চেয়ারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, ১, কারওয়ান বাজার, টিসিবি ভবন, ঢাকা
০৯। যুগ্মসচিব (প্রশাসন-১),বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। উপসচিব (বাজেট/প্রশা-১/প্রশা-২/প্রশা-৭/অবা-৩/টিও-১/পরিকল্পনা-৩), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১১। সহকারী পরিচালক-১, ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১২। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**ওয়েবসাইটের শুদ্ধাচার সেবা বক্সের প্রজ্ঞাপন নীতিমালা অংশে-পরিপত্র-প্রকাশের অনুরোধসহ**)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. অফিস/মাস্টার কপি।

28/06/2022

(মো: সেলিম হোসেন)
উপসচিব
ফোন-৯৫৪৬৭১৬
E-mail: ds.budget@mincom.gov.bd